# বিজ্ঞপ্তি

এতদ্বারা গড়বেতা এলাকার অধিবাসিবৃন্দকে জানানো যায় যে, গড়বেতা – ১ নং পঞ্চায়েত সমিতির দ্বারা পরিচালিত পঞ্চায়েত সমিতি এলাকার অন্তর্গত গনগনি পিকনিক স্পটটির নীলাম ডাক আগামী ২৭/১১/২০১৯ তারিখ বেলা ১২ টায় ২০১৯-২০ আর্থিক বছরের জন্য আয়োজন করা হয়েছে। ইচ্ছুক ব্যক্তিগনকে উপস্থিত থাকার আহ্বান জানানো হল।

নীলাম ডাক শুরু হবে সর্বনিম্ন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হইতে।

উল্লেখযোগ্য শর্তাদি সমূহ :-

১. ডাকে অংশগ্রহণের জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার ডিমাণ্ড ড্রাফ্‌ট সাথে নিয়ে আসতে হবে **in favour of Executive Officer, Garhbeta-I Panchayat Samity**।
২. সর্বোচ্চ ডাককারী তার সমুহ টাকা নীলামের ৩ (তিন) দিনের মধ্যে পঞ্চায়েত সমিতির দপ্তরে জমা দিতে হবে।
৩. ডাক বাতিলের অধিকার পঞ্চায়েত সমিতির থাকবে।
৪. প্রয়োজনে ডাকের দিন পরিবর্তন হতে পারে।
৫. বিস্তারিত বিবরন পঞ্চায়েত সমিতির দপ্তরে ও ওয়েবসাইটে https://www.bdogarhbeta1.com পাওয়া যাবে।
৬. সর্বোচ্চ ডাককারী ডাকের সমুহ অর্থ মিটিয়ে দিতে না পারলে, দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তার ডাকের সমুহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হবে।
৭. নীলাম প্রাপক নিজ দায়িত্বে পিকনিক স্পটটির পরিস্কার ও পরিচ্ছন্নতার ভার বহন করবে। প্রত্যেক পিকনিক পার্টিকে দুটি (মিনিমাম ৩০ X ৪০ ইঞ্চি) বড় সাইজের পচনশীল কাপড়ের ব্যাগ দিতে হবে, যার মধ্যে তারা বর্জ্য পদার্থগুলি প্যাকেট করে রাখতে পারে। সমস্ত প্যাকেটগুলি একত্রিত করে নির্দিষ্ট জায়গায় জমা করতে হবে।
৮. খোলা জায়গায় / প্রকাশ্যে মদ্যপান করা যাবে না।
৯. পিকনিক স্পটটির সুস্থ ও স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে হবে।
১০. সর্বোচ্চ ৬৫ ডেসিবেলের সাউন্ড সিষ্টেম ব্যবহার করা যাবে।
১১. ডি.জে. সাউন্ড (বক্স) ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
১২. যথাসময়ে ইলেকট্রিক বিল প্রদান করিতে হবে।
১৩. জলের পাইপ লাইন কমপক্ষে ৩৫০ ফুট নতুনভাবে বর্ধিত করতে হবে। পাইপ লাইনের সাথে বিভিন্ন স্থানে কল সংযুক্ত করতে হবে এবং প্রত্যেকটি কলের নীচে সিমেন্টের চাতাল আবশ্যিকভাবে নির্মান করতে হবে।
১৪. গনগনি পিকনিক স্পটের উপরের অংশে ৬ (ছয়) টি ৩.০০ ফুট ব্যাস ও ৪.০০ ফুট উচ্চতা বিশিষ্ট কংক্রিটের পাট দ্বারা ভ্যাট বানাতে হবে এবং সেগুলির নিয়মিত পরিস্কার করতে হবে।
১৫. পিকনিক স্পটে অবস্থিত আবাসটির বাথরুমের সম্পূর্ণ রিপেয়ারিং করতে হবে (প্যান সহ)। সোক পিটের কভারটি (কাষ্ট আয়রন) নতুন দিতে হবে।
১৬. পিকনিক স্পটে আগত পর্যটকদের সুবিধার্থে উপরে ১০টি এবং নিচে ৫টি আচ্ছাদন বিশিষ্ট অস্থায়ী বাথরুম নির্মান করে দিতে হবে।
১৭. গড়বেতা হইতে হুমগড় যাইবার রাস্তা হইতে গনগনি পিকনিক স্পটে যাওয়ার রাস্তা ও তৎসহ পিকনিক স্পটের রাস্তার বিভিন্ন মোড়ে কমপক্ষে ৫ টি জায়গায় দিক নির্দেশক ফলক লাগাতে হবে।
১৮. বিশেষভাবে নির্দেশ দেওয়া যায় যে, উপরি উল্লিখিত শর্তাবলী নং- ১২ হইতে ১৭ পর্যন্ত নির্মান কার্যগুলি সর্বোচ্চ ডাককারীকে আগামী ১২ই ডিসেম্বর ২০১৯ এর মধ্যে সম্পূর্ণ ও ব্যবহারযোগ্য করতে হবে। নির্মানকার্য সন্তোষজনক হলে তারপর পঞ্চায়েত সমিতি ২০১৯-২০ আর্থিক বছরের জন্য সর্বোচ্চ ডাককারীকে লীজ স্বত্ত প্রদান করবে, অন্যথায় ডাক বাতিলের সম্পূর্ণ অধিকার পঞ্চায়েত সমিতির বজায় থাকবে।
১৯. গনগনি পিকনিক স্পটটি সম্পূর্ণরূপে প্লাষ্টিক বর্জিত এলাকা; পিকনিক স্পটে কোনরূপ প্লাষ্টিক বা থার্মোকলের জিনিসপত্র ব্যবহার নিষিদ্ধ।
২০. পিকনিক স্পটের সম্পদের কোনরূপ ক্ষতিসাধন করা হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

যুগ্ম নির্বাহী আধিকারিক
গড়বেতা – ১ নং পঞ্চায়েত সমিতি

## গড়বেতা – ১ নং পঞ্চায়েত সমিতি

### গড়বেতা, পশ্চিম মেদিনীপুর

**স্মারক নং ঃ – ৮৭২/১ (১৬)** তাং ঃ ২৪/১০/২০১৯

অনুলিপি অবগতি এবং ব্যপক প্রচারের অনুরোধ জানিয়ে প্রেরিত হল ঃ –

১. সভাপতি, গড়বেতা – ১ নং পঞ্চায়েত সমিতি।
২-১৩. প্রধান (সকল), ........................................ গ্রাম পঞ্চায়েত।
১৪. গড়বেতা থানা।
১৫. পোষ্ট অফিস, আমলাগোড়া / গড়বেতা।
১৬. অফিস নোটিশ বোর্ড।

যুগ্ম নির্বাহী আধিকারিক
গড়বেতা – ১ নং পঞ্চায়েত সমিতি

Server F/ Arun Babu / notice